

২৫ অক্টোবর থেকে ১৫ নভেম্বর সব কোচিং বন্ধ: শিক্ষামন্ত্রী

ইউএনবি

১৩ অক্টোবর ২০১৯, ১৯:০০
আপডেট: ১৩ অক্টোবর ২০১৯, ১৯:০১




শিক্ষামন্ত্রী দীপু মনি। ফাইল ছবি

জেএসসি ও জেডিসি পরীক্ষার কারণে ২৫ অক্টোবর থেকে
১৫ নভেম্বর পর্যন্ত সব কোচিং সেন্টার বন্ধের নির্দেশ
দিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

আজ রোববার আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটে
জেএসসি ও জেডিসি পরীক্ষা সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক
পরিবেশে সম্পন্ন করার লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং এবং

আইনশৃঙ্খলা কমিটির বৈঠক শেষে শিক্ষামন্ত্রী এ নির্দেশ দেন।

আগামী ২ থেকে ১৩ নভেম্বর পর্যন্ত জেএসসি ও জেডিসি পরীক্ষা চলবে।



শিক্ষামন্ত্রী বলেন, ‘সুষ্ঠুভাবে পরীক্ষা নেওয়ার জন্য কোচিং সেন্টার বন্ধ রাখতে বলা হয়েছে। এ বিষয়ে আমরা কঠোর অবস্থানে রয়েছি। পরীক্ষা চলাকালীন কোথাও কোচিং সেন্টার খোলা রাখা যাবে না।’

দীপু মনি বলেন, ‘কতিপয় শিক্ষক ক্লাসে না পড়িয়ে কোচিংয়ে পড়ান। এটা খুবই অনৈতিক।’